

## ডঃ দিলীপ ভট্টাচার্যের মৃত্যুতে শোকসভা

গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও পালি বিভাগের অধ্যাপক এবং জগন্নাথ হলের আবাসিক শিক্ষক ডঃ দিলীপ কুমার ভট্টাচার্যের মৃত্যুতে এক শোকসভা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়। শোকসভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার। আলোচনায় অংশগ্রহণ করেন ডঃ পরেশ চন্দ্র মণ্ডল, ডঃ নারায়ণ চন্দ্র বিশ্বাস, ডঃ নুরুল রহমান খান, ফেরদৌস হোসেন, ডঃ সাঈদ-উর রহমান, ডঃ বদরুল নাহার, ডঃ সুমঙ্গল বড়ুয়া, ডঃ দুর্গাদাস ভট্টাচার্য, ডঃ দুলাল ভৌমিক, ডঃ সুকোমল বড়ুয়া, ডঃ ডালেম চন্দ্র বর্মণ এবং ডঃ শাহাদত আলী।

এ শোকসভায় বক্তাগণ ডঃ দিলীপ কুমার ভট্টাচার্যের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাকে একজন অসাম্প্রদায়িক, মানবতাবাদী ও মহৎ হৃদয়ের অধিকারী হিসেবে অভিহিত করেন। সভার এক প্রস্তাবে গুণী ব্যক্তি ও সুযোগ্য শিক্ষক ডঃ দিলীপ ভট্টাচার্যের স্মৃতিকে স্মরণীয় রাখার জন্য স্মারক বক্তৃতা, স্মারক গ্রন্থ প্রকাশ ও তার দেয়া অনুদান থেকে ট্রাস্ট ফান্ড গঠনের আহ্বান জানানো হয়।